- প্রত্যেক ব্লকের বোরো-পতিত-রোপা আমন শস্যবিন্যাসভুক্ত জমির পরিমাণ নিরূপণ করে কৃষকের সাথে আলোচনা সাপেক্ষে ব্লকের পরিকল্পনা গ্রহণ করতে হবে।
- আধুনিক উচ্চ ফলনশীল আগাম ও স্বল্প জীবনকালসম্পন্ন রোপা আমনের জাত যেমন ব্রিধান ৭১, ব্রিধান ৭৫, ব্রিধান ৮৭, বিনা ধান ৭, বিনা ধান ১১, বিনা ধান ১৭, বিনা ধান ২০, বিনা ধান ২২ সহ অন্যান্য স্বল্প জীবনকালসম্পন্ন জাতের প্রয়োজনীয় মানসম্মত বীজ প্রাপ্যতা নিশ্চিত করতে হবে।
- বীজের প্রাপ্যতা নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান, বিএডিসি ও সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সাথে যোগাযোগ করতে হবে।
- রোপা আমন ধানের আগাম ও মানসম্পন্ন চারা তৈরীর জন্য যথাসময়ে বন্যামুক্ত স্থানে বীজতলা তৈরী করতে হবে। এ সময়ে বৃষ্টিপাত না হলে প্রয়োজনে সেচের মাধ্যমে সময়মত আদর্শ বীজতলা তৈরী করতে হবে।
- নিজ নিজ জেলা ও উপজেলার জন্য প্রয়োজনীয় সারের সরবরাহ ও প্রাপ্যতা নিশ্চিত করতে হবে এবং পরিমিত সার ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধ করতে হবে।
- নিয়মিত বীজতলা পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে আইপিএম পদ্ধতিতে রোগবালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
- নির্দিষ্ট বয়সের চারা রোপণ নিশ্চিত করতে হবে তা না হলে আবাদ বিঘ্নিত হতে পারে।